খণ্ড 24
Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

আমাদের অফিস ও স্কুল ভবন দ্বিতীয় সপ্তাহের মত বন্ধ করার মুখে আমি আবারও আমাদের শিক্ষক ও কর্মী সদস্যদেরকে তাদের কঠোর পরিশ্রম ও একাগ্রতার জন্য ধন্যবাদ জানাতে চাই।

স্কুলে ফেরার বিষয়ে কিছু মানুষ নিশ্চয়ই উৎকন্ঠিত ছিলেন, তবে যারা সমান উত্তেজনা নিয়ে স্কুলে ফিরেছেন সেই শিক্ষক ও কর্মীদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এই সপ্তাহে কমিউনিটি পার্টনারদের সঙ্গে আমার স্কুল পরিদর্শন চলাকালীন, 'A Day in the Life,' সামগ্রিক ইতিবাচক মনোভাব দেখে আমি মুগ্ধ হয়েছি।

তথ্য প্রদানের মাধ্যমগুলি পুরো অতিমারীর সময়ে প্রচুর তথ্য দিয়েছে, তবে DeKalb County School District (DCSD) কিন্তু Centers for Disease Control and Prevention (CDC)-এর পক্ষ থেকে পাওয়া বিজ্ঞানসম্মত তথ্য ও নির্দেশিকা মেনে চলায় আমাদের যে আঙ্গিক তা নিরন্তর বজায় রেখেছে। CDC যত শীঘ্র সম্ভব স্কুল খোলার সুপারিশ করেছে। CDC এও জানিয়েছে যে স্কুল বন্ধ রাখলে তা "শিক্ষার্থীদের শিক্ষাগত অগ্রগতি, মানসিক স্বাস্থ্য এবং জরুরি পরিষেবা লাভের সহজলভ্যতা বিরূপভাবে প্রভাবিত করতে পারে।" কমিউনিটি নিরাপদ ও স্বাস্থ্যকর রাখতে, আমরা সকলকে সচেতন থাকার বিষয়ে এবং আমাদের কেন্দ্রে সংক্রমণের ঝুঁকি কমাবে এমন প্রশমন কৌশল মেনে চলার কথা স্মরণ করিয়ে দিই।

আবারও বলব, এটি একটি কঠিন সিদ্ধান্ত যা পুরো দেশ জুড়ে সুপারিন্টেন্ডেন্টদেরকে নিতে হয়েছে। আমি মনে করি, আমাদের কর্মীদের জন্য নিরাপদ পরিবেশ তৈরি করতে পেরেছি এবং শিক্ষার্থীদের ফেরানোয় আমাদের সিস্টেম আবার যথাযথ করে তোলার লক্ষ্যেও সঠিকভাবে এগোচ্ছি।

## স্টেট অফ দ্য ডিস্ট্রিক্ট

আমি 23 ফেব্রুয়ারি, 2021 তারিখে স্টেট অফ দ্য ডিস্ট্রিক্টে বক্তৃতা দেব। প্রোগ্রামটি 4550 Greer Circle in Stone Mountain-এর পার্কিং লটে অনুষ্ঠিত হবে যেখানে "ড্রাইভ-ইন" করে যে কেউ অংশ নিতে পারেন। পার্কিং লট বিকেল 4:15-তে খুলবে এবং প্রোগ্রাম শুরু হবে বিকেল 5:30টায়। DCSD-র অভিজ্ঞতা কীভাবে আমরা নতুন উচ্চতায় নিয়ে যাচ্ছি তা আপনাদের জানাতে পারলে আমার ভাল লাগবে।

## A Day in the Life ট্যুর/ টাউন হল

আমি আমাদের সকল কমিউনিটি পার্টনারকে ধন্যবাদ জানাতে চাই যারা গত বুধবার "A Day in the Life" ট্যুরে অংশ নিয়েছিলেন। এই ট্যুরটি আমাদের সব কমিউনিটি পার্টনারকে আমাদের স্কুলের হলে হেঁটে কীভাবে আমাদের শিক্ষার্থীদেরকে মুখোমুখি শিক্ষাদান করব সেই বিষয়ে প্রস্তুত করছিল। জিজ্ঞাসা, মতামত এবং সমস্যার কথাগুলি জানানোর জন্য আমরা তাদের কদর করি। আমাদের স্কুল লীডারদেরকে ধন্যবাদ জানাই যে তারা আমাদের পার্টনারকে তাদের স্কুল পর্যবেক্ষণ করতে দিয়েছেন। ট্যুরের লক্ষ্যণীয় বিষয়গুলি দেখতে এখানে ক্লিক করুন।

আমি আমাদের শিক্ষক ও অভিভাবকদেরকেও ধন্যবাদ জানাতে চাই যারা আমাদের সাম্প্রতিক ভার্চুয়াল টাউন হল দেখেছেন ও তাতে অংশ নিয়েছেন। যেহেতু আমরা ডিস্ট্রিক্ট পুনরায় খোলার পরিকল্পনা সম্পর্কে বিশদ সরবরাহ করেছি তাই আপনার মতামত প্রয়োজন। আপনি যদি টাউন হল না দেখে থাকেন, তাহলে দেখার জন্য এই লিঙ্কে যান:
https://www.facebook.com/100666431593471/videos/175882993982130

আমাদের স্কুল কমিউনিটির আবার স্কুলে ফিরে আসার জন্য সবার সহযোগিতা একান্ত কাম্য।

বোর্ড মিটিং

৪ ফেব্রুয়ারি যারা বোর্ড অফ এডুকেশনের বৈঠক দেখেছেন তাদের প্রত্যেককে ধন্যবাদ। বৈঠক চলাকালীন প্রচুর তথ্য আদানপ্রদান করা হয় এবং আমি নিশ্চিত হতে চাই যে জনগণও সেই তথ্যগুলি জেনে রেখেছেন। বৈঠক থেকে যা যা মূল সিদ্ধান্ত নেওয়া হল তা নিচে দেওয়া হয়েছে।

ADA অনুরোধ

- মুলতুবি থাকা ADA-র জন্য দূর থেকে কাজ করার বিকল্পের ভাতার মেয়াদ 2 ফেব্রুয়ারি শেষ হয়ে যাচ্ছে।
- ডিস্ট্রিক্ট যখন অফিস/ক্লাসরুম/কাজের জায়গায় ফিরে আসার ককাজ চালাচ্ছে তখন কর্মচারীদেরকে তাদের বাকি থাকা ADA অনুরোধের ব্যাপারে তাৎক্ষণিক সুপারভাইজারকে একটি বিজ্ঞপ্তি পাঠাতে বলা হয়েছিল।
- কর্মচারীর কাজের মূল দায়িত্বগুলি পর্যালোচনা করে বন্দোবস্ত ঠিক করা হবে। যদি মুখোমুখি আদানপ্রদান করা কোনও কর্মচারীর কাজের মধ্যে পড়ে, তাহলে দূরবর্তী কাজ বন্দোবস্ত হিসেবে অনুমোদন করা হবে না।
- সাময়িক বন্দোবস্তের প্রস্তাব দেওয়া হতে পারে, যেমন বাস্তবসাধ্য হলে ভবনে বিকল্প কোনও কাজের জায়গা। এটির যোগ্যতা নির্ধারণ করার সাথে উপযুক্ত নমনীয়তা দিতে স্কুল লীডাররা কর্মচারীদের সাথে মিলে কাজ করবেন।

স্কুল ভবন বন্ধ করা

- Smoke Rise ES – শুক্রবার, 5 ফেব্রুয়ারি, 2021, সাফাই ও পরিচ্ছন্ন করার জন্য বন্ধ ছিল। DeKalb বোর্ড অফ হেলথ পাঁচদিন (5) বন্ধ রাখার প্রস্তাব দিয়েছে।
- Panola Way ES – একটি ক্লাসরুম 5 ফেব্রুয়ারি, 2021-এ বন্ধ ছিল। ঘরটি সাফ করে স্যানিটাইজ করা হয়েছে। Panola Way এখন খোলা থাকবে।
- John Lewis ES-এর খাবার বিতরণের স্থান 4 ফেব্রুয়ারি, 2021-এ ডডিপ ক্লিনিংয়ের জন্য বন্ধ ছিল। খাবার তৈরির ব্যবস্থা সাময়িকভাবে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। খাবার তৈরির সব কার্যকলাপ 9 ফেব্রুয়ারি, 2021 থেকে আবার চালু হবে।
- পাবলিক সেফটি – কার্যকলাপ শুক্রবার, 5 ফেব্রুয়ারি, 2021, সাফাই ও স্যানিটাইজ করার জন্য বন্ধ ছিল। পাবলিক সেফটি – কাজকর্ম আবার  8 ফেব্রুয়ারি, 2021 থেকে চালু হয়। ফিঙ্গারপ্রিন্টিং ইউনিট আবার 10 ফেব্রুয়ারি, 2021-এ খোলে।
- Sam Moss Services Center সাফাই ও স্যানিটাইজ করার জন্য 8 ফেব্রুয়ারি, 2021-এ বন্ধ ছিল।
- Redan HS - শুক্রবার, 5 ফেব্রুয়ারি, 2021, অনেক ঘর বন্ধ ছিল। ঘরগুলি সাফাই ও স্যানিটাইজ করা হয়েছে। Redan HS এবার খোলা থাকবে।

- যদি কোনও কর্মী সদস্যের কোভিড রিপোর্ট পজিটিভ আসে, তাহলে কোভিড-19 পয়েন্ট অফ কনট্যাক্ট (POC) রিপোর্টিং নথি সম্পূর্ণ করে সেটি আঞ্চলিক সুপারিন্টেন্ডেন্ট, বিভাগীয় প্রধান বা ডিভিশন চিফ/ডেপুটির কাছে জমা দেবেন। কোভিড-19 POC রিপোর্ট করা তথ্যের নির্ভুলতা নিশ্চিত করতে, সম্ভব হলে কর্মী সদস্যের সাথে আলোচনা করবেন।
- আঞ্চলিক সুপারিন্টেন্ডেন্ট, বিভাগীয় প্রধান বা ডিভিশন চিফ/ডেপুটি রিপোর্টিং নথিটি মনোনীত নার্স এবং কোভিড-19 হেলথ টিমের কাঠে পাঠাবেন।
- কোভিড-19 হেলথ টিম নথিটি পর্যালোচনা করে DeKalb Board of Health-এর কাছে পাঠাবে এবং পরবর্তী পদক্ষেপ নির্ধারণ করতে আঞ্চলিক সুপারিন্টেন্ডেন্ট, বিভাগীয় প্রধান বা ডিভিশন চিফ/ডেপুটির সাথে আলোচনা করবে।
- কোভিড-19 হেলথ টিম ঘরবন্দি থাকা বা নিজেকে বিচ্ছিন্ন রাখার ব্যাপারে DeKalb বোর্ড অফ হেলথের কাছ থেকে পাওয়া বিশেষ নির্দেশিকা প্রদান করে। ঘনিষ্ঠ ব্যক্তিদের জানানো হবে এবং ঘরেই থাকতে পরামর্শ দেওয়া হবে, সাথে ঘরবন্দি থাকার নির্দেশ মেনে চলতে এবং মূল্যায়নের জন্য তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে পরামর্শ করতে বলা হবে। কাজে ফেরার নির্দেশিকা মেনে ঘরবন্দি থাকার সময় শেষ হলে মানদন্ড পূরণ করার পরে তবেই কর্মচারীরা কাজে ফিরতে পারবেন।
- যদি কোনও কর্মী সদস্যের কোভিড-19 ফলাফল পজিটিভ আসে, তাহলে তার সংস্পর্শে থাকা স্থান(গুলি) 24 ঘণ্টা বন্ধ রেখে সেটি পরিষ্কার ও স্যানিটাইজ করা হবে। ফেসিলিটি যদি কোভিড-19-এর জন্য দীর্ঘ সময় বন্ধ থাকে, তাহলে অতিরিক্ত সাফসাফাই ও স্যানিটাইজ করার পদ্ধতি অবলম্বন করা হবে।

ভবনের প্রস্তুতি

- অপারেশন টিম ভবন পরিদর্শন করা, ভবনের লীডারদের সাথে কাজ করা চালিয়ে যাচ্ছে এবং যে যে বিষয়ে মনোযোগ দেওয়া দরকার তাও তত্ত্বাবধান করছে।
- আমরা সব স্কুলে ও সেন্টারে PPE, স্যানিটেশন এবং সাফাইয়ের জিনিসের জোগান পাঠিয়েছি। আমরা সব ভবনে চার সপ্তাহের জন্য স্যানিটেশন ও সাফাইয়ের জিনিসের জোগান পাঠিয়েছি এবং প্রয়োজন মত ভবনগুলিতে জিনিসের জোগান রাখা চালিয়ে যাব। ফেসিলিটি টিম শিক্ষক ও শিক্ষার্থীদের নিরাপদে ফেরা নিশ্চিত করতে জরুরি কাজে মনোযোগ দিচ্ছে এবং তা সম্পূর্ণ করছে।
- গত 6-8 মাসে আমরা কাজের আদেশ পালনে যা যা অগ্রগতি করেছি তা খুবই ইতিবাচক। আমাদের টিম তৎপরভাবে কাজ করবে এবং কাজের সব আদেশে যাতে আমাদের কর্মী ও শিক্ষার্থীদের সুরক্ষা ও সুস্থতাকেই অগ্রাধিকার দেওয়া হয় তা নিশ্চিত করবেন। কর্মীদের থেকে পাওয়া মতামতের উপরে নির্ভর করে সব স্কুলে ফেস শিল্ড দেওয়া হবে।

আমাদের ভবনগুলি কতটা প্রস্তুত সেগুলির ভিডিও দেখতে এই লিঙ্কটি দেখুন:
ইংরেজি:
https://www.youtube.com/watch?v=F3BHa5fVa0Y
https://www.youtube.com/watch?v=Q1L0n6m4X7c&feature=youtu.be

স্প্যানিশ:
https://www.youtube.com/watch?v=XQ8CuqIREUw&feature=youtu.be
https://www.youtube.com/watch?v=IuqFuvdf-SU&feature=youtu.be

HVAC
সব DCSD ভবনে হিট দেওয়া হবে, এবং ডিস্ট্রিক্টে সেরকমভাবে রোগটি ছড়ায়নি।

- সব HVAC সংক্রান্ত সমস্যা আমাদের ফেসিলিটি রক্ষণাবেক্ষণ কর্মীদের কাছে অগ্রাধিকার পাবে। DCSD ফেসিলিটি এবং অপারেশন মেরামতির কাজ ও সিস্টেম পরীক্ষা করার কাজ চালিয়ে যাবে যাতে ডিস্ট্রিক্টে শিক্ষাদান ও শেখার পরিবেশ যথাযথভাবে বজায় রাখা যায়। DCSD পুরো ডিস্ট্রিক্ট জুড়ে অনেকগুলি ক্লাসরুমে সাময়িক ব্যবস্থা হিসেবে পোর্টেবল হিটার ইনস্টল করেছে। এটি ডিস্ট্রিক্টকে মেরামতির কাজ সম্পূর্ণ করতে এবং ফেসিলিটি কার্যক্ষম রাখতে সাহায্য করবে।
- টিকা, বায়ুর গুণগতমান এবং অক্ষমতা থাকা শিক্ষার্থীদের সহায়তা সংক্রান্ত ব্যাপারে বৈঠকে কী কী আলোচনা করা হয়েছে তা পড়তে আমাদের ওয়েবসাইটে যান।

আবারও, এই কঠিন পরিস্থিতিতে আমাদের সঙ্গে ধৈর্য ধরে এগিয়ে যাওয়ার জন্য ধন্যবাদ। ডিস্ট্রিক্টের তরফ থেকে লেটেস্ট তথ্য পেতে, আমাদের ওয়েবসাইটে যান।

Mrs. Cheryl Watson-Harris

**অভিভাবকরা ডিস্ট্রিক্টের কাছ থেকে তথ্যাবলী ও বিজ্ঞপ্তি পাবেন, আপনার স্কুল মেসেঞ্জারে যাতে আপনার যোগাযোগের তথ্য সঠিক থাকে তা দেখে নিন। ইমেল এবং ফোন নম্বরের মত আপনার তথ্য যেন আপডেট করা থাকে তা খেয়াল রাখতে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।**